

প্রধানমন্ত্রীর আসন্ন জার্মানি, স্পেন, রাশিয়া এবং ফ্রান্স সফর
(মে ২৯- জুন ৩, ২০১৭)

প্রধানমন্ত্রী জার্মানি, স্পেন, রাশিয়া এবং ফ্রান্স সফর করবেন ২৯ মে- ৩ জুন, ২০১৭।

২৯ মে, জার্মানির চ্যানসেলর মাননীয়া ড. অ্যাঞ্জেল্লা মর্কেল প্রধানমন্ত্রীকে মেসেবার্গে স্বাগত জানাবেন, যেখানে দুই নেতা পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে আলোচনা করবেন।

প্রধানমন্ত্রী এবং চ্যানসেলর যোগ দেবেন চতুর্থ ভারত-জার্মানি আন্তঃসরকার আলোচনায় (আইজিসি)-তে, ৩০ মে। প্রধানমন্ত্রী এবং চ্যানসেলর মর্কেল একটি বাণিজ্যিক অনুষ্ঠানে যৌথ ভাষণ দেবেন এবং সেই অনুষ্ঠানে দু'দেশের শীর্ষ সিআইও-রা উপস্থিত থাকবেন। ৩০ তারিখ পরের দিকে জার্মান প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট সম্মাননীয় ড. ফ্রাঙ্ক-ওয়াল্টার স্টেইনমিয়ারের সঙ্গে সম্মানপ্রদর্শনমূলক সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী।

ভারত এবং জার্মানির মধ্যে স্ট্যাটিজিক অংশীদারিত্ব বিদ্যমান। প্রধানমন্ত্রীর এই আসন্ন সফর দু'দেশের মধ্যে এই বিশেষ সম্পর্ককে আরও মজবুত করবে।

বার্লিন থেকেই প্রধানমন্ত্রী সরকারি সফর করবেন স্পেনে, ৩০ মে। এই সময় তিনি সাক্ষাৎ করবেন স্পেন সরকারের প্রেসিডেন্ট মহামান্য জনাব মারিয়ানো রাজৌয়ের সঙ্গে এবং পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক এবং অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করবেন। এই সফরের একটি অংশ হিসাবে প্রধানমন্ত্রী সাক্ষাৎ করবেন স্পেনের রাজা ষষ্ঠ ফিলিপের সঙ্গে। এ ছাড়াও তিনি স্পেনের বাণিজ্যিক প্রতিনিধিদের সঙ্গে একটি গোল টেবিল বৈঠকে মিলিত হবেন, যাঁরা ভারতে বিনিয়োগ করতে উৎসাহী।

প্রধানমন্ত্রীর এই স্পেন সফর ভারত-স্পেনের বন্ধুত্বপূর্ণ এবং উষ্ণ দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করবে।

প্রধানমন্ত্রী রাশিয়া সফর করবেন জুন ১-২, ২০১৭, যেখানে তিনি সেন্ট পিটসবার্গ-এ রাশিয়ান ফেডারেশনের মহামান্য প্রেসিডেন্ট ব্লাদিমির ভি. পুতিনের সঙ্গে অষ্টাদশ ভারত-রাশিয়া শিখর সম্মেলনে যোগ দেবেন ১ জুন, ২০১৭। এই প্রথম এই ধরনের শিখর বৈঠক রাশিয়ায় মস্কোর বাইরে অনুষ্ঠিত হচ্ছে। শিখর সম্মেলনের পরে এই প্রথমবার প্রধানমন্ত্রী সেন্ট পিটসবার্গ-এ আন্তর্জাতিক অর্থনৈতিক ফোরামে প্রধান অতিথি হিসাবে যোগ দেবেন ২ জুন, ২০১৭।

রাশিয়া হল প্রথম দেশ যারা ভারতের সঙ্গে বার্ষিক শিখর সম্মেলন করছে। ২০০০ সালে অক্টোবরে নয়াদিল্লিতে ভারত এবং রাশিয়ান ফেডারেশনের মধ্যে কূটনৈতিক ঘোষণার পর থেকে যা শুরু হয়। এর পর থেকে নিয়মিত প্রতিবছর এই বার্ষিক শিখর সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে।

২০১৭ সালের ১ জুন সেন্ট পিটসবার্গের দ্বিপাক্ষিক শিখর সম্মেলনে উভয় নেতা ভারত-রাশিয়া দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত পর্যালোচনা করবেন এবং ২০১৬ সালের ১৫ অক্টোবরে গোয়ায় অনুষ্ঠিত শেষ শিখর সম্মেলনের অগ্রগতি নিয়েও তাঁরা পর্যালোচনা করবেন।

প্রধানমন্ত্রী প্যারিস, ফ্রান্স সফর করবেন ২-৩ জুন। তিনি ৩ জুন ফ্রান্সের প্রেসিডেন্ট সম্মাননীয় জনাব ইমানুয়েল ম্যাকরের সঙ্গে সরকারি বৈঠক করবেন এবং ভারত-ফ্রান্স স্ট্যাটিজিক সম্পর্ককে আরও মজবুত করার উদ্দেশ্যে পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে আলোচনা করবেন।

নয়াদিল্লি

মে ২৪, ২০১৭